

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৮

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৫. মিসওয়াক করা

باب السِّواك

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَوْفِ الطَّائِيُّ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ خَالِد، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَق، عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُمَر، قَالَ: قُلْتُ أَرَأَيْتَ تَوَضَّوً ابْنِ عُمَر لِكُلِّ صَلَاةٍ طَاهِرًا وَغَيْرَ طَاهِرٍ، عَمَّ ذَاكَ؟ فَقَالَ حَدَّتَتْنِيهِ أَسْمَاءُ بِنْتُ زَيْدِ بْنِ الْخَطَّابِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ حَنْظَلَةَ بْنِ أَبِي عَامِرٍ حَدَّتَهَا: أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أُمِرَ بِالْوُضُوءِ لِكُلِّ صَلَاةٍ طَاهِرًا وَغَيْرَ طَاهِرٍ، فَلَمَّا شَقَّ ذَلِكَ عَلَيْهِ أُمِرَ بِالسِّواكِ لِكُلِّ صَلَاةٍ فَكَانَ ابْنُ عُمَرَ يَرَى أَنَّ بِهِ قُوَّةً، فَكَانَ لَا يَدَعُ الْوُضُوءَ لِكُلِّ صَلَاةٍ .

_ حسری

বাংলা

৪৮। 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মুহাম্মাদ ইবনু ইয়াহ্ইয়া ইবনু হাবান তার নিকট জিজেস করেছিলেন, অযু থাকুক বা না থাকুক প্রত্যেক সালাতের পূর্বেই যে 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) অযু করে থাকেন তার কারণ কি? জবাবে 'আব্দুল্লাহ (রাঃ) বললেন, যায়িদ ইবনুল খান্তাবের কন্যা আসমা এ মর্মে হাদীস বর্ণনা করেছেন যে, 'আব্দুল্লাহ ইবনু হানযালাহ তাঁকে বলেছেনঃ রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে প্রত্যেক সালাতের পূর্বে অযু করার নির্দেশ দেয়া হয়েছিল। চাই তাঁর অযু থাকুক বা না থাকুক। তাঁর জন্য যখন এটা কন্টকর হয়ে পড়ল, তখন তাঁকে সালাতের পূর্বে কেবল মিসওয়াক করতে নির্দেশ দেয়া হয়। 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) নিজের সক্ষমতা অনুভব করে কোন সালাতের জন্যই অযু ত্যাগ করতেন না।[1]

হাসান।

English



Narrated Abdullah b. 'Abd Allah b. 'Umar:

Muhammad ibn Yahya ibn Habban asked Abdullah ibn Abdullah ibn Umar about the reason for Ibn Umar's performing ablution for every prayer, whether he was with or without ablution.

He replied: Asma', daughter of Zayd ibn al-Khattab, reported to me that Abdullah ibn Hanzalah ibn AbuAmir narrated to her that the Messenger of Allah (ﷺ) was earlier commanded to perform ablution for every prayer whether or not he was with ablution.

When it became a burden for him, he was ordered to use tooth-stick for every prayer. As Ibn Umar thought that he had the strength (to perform the ablution for every prayer), he did not give up performing ablution for every prayer.

Abu Dawud said: Ibrahim b. Sa'd narrated this tradition on the authority of Muhammad b. Ishaq, and there he mentions the name of 'Ubaid Allah b. 'Abd Allah b. 'Abd Allah b. 'Umar)

ফুটনোট

- [1] দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মহান আল্লাহর বাণী, তোমরা যখন সালাতে দাঁড়াবে, তখন তোমাদের মুখমণ্ডল
- ধুয়ে নিবে, হাঃ ৬৫৮), আহমাদ (৫/২২৫), ইবনু খুয়াইমাহ (১৫), হাকিম (১/১৫৫-১৫৬), ইমাম হাকিম বলেন, মুসলিমের শর্তে সহীহ, তবে তাঁরা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী তার সাথে একমত।
- এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ
- 🕽 । প্রত্যেক সালাতের জন্য নতুনভাবে উযু করা মুস্তাহাব।
- ২। মিসওয়াক করার প্রতি গুরুত্বদান। বিশেষ করে সালাতের প্রাক্কালে।
- ৩। আল্লাহ স্বীয় ইচ্ছা মোতাবেক যে কোনো হুকুম রহিত করেন এবং যে কোনো হুকুম প্রতিষ্ঠা করেন।
- ৪। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় উম্মাতের প্রতি দয়াশীল।



- ৫। 'ইশার সালাত বিলম্বে আদায় করা মুস্তাহাব।
- ৬। কলমের ন্যায়কানের নীচে মিসওয়াক রাখা যাবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন